# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৩৭৫

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا أَبُو أَحْمَدَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَدٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ، عَنِ ابْنِ يَعْمَرَ قَالَ: سَأَلْتُ ابْنَ عُمَرَ، أَوْ سَأَلَهُ رَجُلٌ: إِنَّا نَسِيرُ فِي هَذِهِ الْأَرْضِ فَنَلْقَى قَوْمًا يَقُولُونَ: لَا قَدَرَ، فَقَالَ ابْنُ عُمَرَ: إِذَا لَقِيتَ أُولَئِكَ فَأَخْبِرْهُمْ أَنَّ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ مِنْهُمْ بَرِيءٌ، وَهُمْ مِنْهُ بُرَآءُ ـ قَالَهَا ثَلَاثَ مَرَّاتٍ ـ ثُمَّ أَنْشَأَ يُحَدِّثُنَا قَالَ: بَيْنَا نَحْنُ عِنْدَ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَاءَ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللهِ، أَدْنُو؟ فَقَالَ: " ادْنُهْ " فَدَنَا رَتْوَةً، ثُمَّ قَالَ: يَا رَسُولَ اللهِ، أَدْنُو؟ فَقَالَ: " ادْنُهْ " فَدَنَا رَتْوَةً، ثُمَّ قَالَ: يَا رَسُولَ اللهِ، أَدْنُو؟ فَقَالَ: " ادْنُهْ " فَدَنَا رَتْوَةً، حَتَّى كَادَتْ أَنْ تَمَسَّ رُكْبَتَاهُ رُكْبَةَ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللهِ، مَا الْإِيمَانُ؟ فَذَكَرَ مَعْنَاهُ

إسناده صحيح كسابقه. أبو أحمد: هو محمد بن عبد الله الزبيري
والرَّتوة: الخطوة

বাংলা

৩৭৫। ইবনে ইয়া’মার বলেন, আমি ইবনে উমার (রাঃ) কে জিজ্ঞাসা করলাম, অন্য বর্ণনামতে, এক ব্যক্তি তাঁকে জিজ্ঞাসা করলো, আমরা পৃথিবীর দিকে দিকে ভ্রমণ করে থাকি। ভ্রমণকালে একটি গোষ্ঠীর সাথে আমাদের সাক্ষাৎ হয়, যারা বলে ভাগ্য বলে কিছু নেই। ইবনে উমার বললেন, তাদের সাথে দেখা হলে তাদেরকে জানিয়ে দিও যে, আবদুল্লাহ ইবনে উমার তাদের থেকে দায়মুক্ত। আর তারাও তাঁর থেকে দায়মুক্ত। এ কথাটা তিনি তিনবার বললেন। তারপর তিনি আমাদেরকে জানালেন, একদিন আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট ছিলাম। এসময় এক ব্যক্তি এল। সে বললো, ইয়া রাসূলাল্লাহ, আমি কি কাছে আসবো? তিনি বললেনঃ কাছে এস। সে খানিকটা কাছে এল। পুনরায় বললেন, ইয়া রাসূলাল্লাহ, আমি কি আরো কাছে আসবো? তিনি বললেনঃ কাছে এস। সে খানিকটা কাছে এল। অতঃপর সে পুনরায় বললো, ইয়া রাসূলাল্লাহ, আমি কি কাছে আসবো? তিনি বললেনঃ কাছে এস। তারপর সে আরো খানিকটা কাছে এল। সে এতটা কাছে এল যে, তার দুই হাটু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দুই হাঁটুকে স্পর্শ করার উপক্রম হলো। তারপর বললো, ইয়া রাসূলাল্লাহ, ঈমান

কী? অতঃপর বর্ণনাকারী ১৮৪ নং হাদীসের অনুরূপ বর্ণনা দিলেন। (অর্থাৎ জিবরীলের আগমন সংক্রান্ত হাদীস)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63199

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন